

দুই বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী ও এক নার্সের আত্মহত্যা


■ সমকাল প্রতিবেদক

রাজধানীর গুলশানের নিকেতনে জিনিয়া আফরিন মিতু (২২) নামে এক বিশ্ববিদ্যালয় ছাত্রী ও চকবাজারে সীমা আক্তার (২৯) নামে এক নার্সের খুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। পুলিশ ও স্বজনরা বলছেন, তারা দু'জন গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। মঙ্গলবার বিকেলে ঢাকা মেডিকেল কলেজ মর্গে তাদের লাশ পাঠানো হয়। অন্যদিকে উত্তরখান এলাকায় ছাব্বির হোসেন শুভ (২৪) নামে এক যুবক আত্মহত্যা করেছেন। তিনি একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন।

ছাত্রীর আত্মহত্যা: মিতুর মা শাহনাজ বেগম জানান, তার মেয়ে প্রাইম এশিয়া ইউনিভার্সিটিতে হোটেল ম্যানেজমেন্টে পড়ত। গত সোমবার বিকেলে নিজ কক্ষের দরজা বন্ধ করে ঘুমিয়ে পড়ে সে। গতকাল মঙ্গলবার সকালে ডাকাডাকি করেও কোনো সাড়াশব্দ পাওয়া যাচ্ছিল না। পরে দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে তার লাশ ফ্যানের সঙ্গে ঝুলতে দেখেন তারা। কী কারণে মিতু আত্মহত্যা করেছে, তা জানাতে পারেননি শাহনাজ।

নার্সের লাশ উদ্ধার: গতকাল চকবাজারের হরিনাথ ঘোষ রোডের বাসা থেকে সীমা আক্তারের খুলন্ত লাশ উদ্ধার করে পুলিশ। বাসার জানালার খিলের সঙ্গে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেন তিনি।

উত্তরখান: উত্তরখানে ছাব্বির হোসেন শুভ নামে এক বিশ্ববিদ্যালয়ের ছাত্র কীটনাশকপানে আত্মহত্যা করেছে। উত্তরখান থানার এসআই শাহ আলম জানান, ছাব্বিরের বাবার নাম আবদুল মালেক আকন্দ। গত সোমবার বিকেল ৩টার দিকে ছাব্বির বাসায় থাকা ছারপোকা মারার কীটনাশক পান করে। তাকে দক্ষিণখানে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। সন্ধ্যায় সে মারা যায়।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
উঃ.....	
উঃ.....	
সিস্টেম মাস্টার.....	
সিনিয়র সিস্টেম এনালিস্ট.....	
প্রশাসনিক কর্মকর্তা.....	
পি.এ.....	
কার্যার্থে/জা.এ.এ.র্থে	
	 স্বাক্ষর

